গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০১১ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২৭৬-আইন/২০১১-আয়কর/২০১০।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) দফা (ক) এর অধীন ঘোষিত কর অনারোপিত আয়ের উৎস সম্পর্কে উক্ত Ordinance এর অধীন কোন প্রশ্ন উত্থাপন করা হইবে না, তবে এইরূপ আয়ের উৎস সম্পর্কে অন্য কোন আইনের অধীন প্রশ্ন উত্থাপনে বাধা থাকিবে না;"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

তারিখঃ ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১লা জুলাই, ২০১১ হইতে ৩০শে জুন, ২০১২ পর্যন্ত সময়কালের জন্য বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়ের ক্ষেত্রে কর অনারোপিত আয় বিনিয়োগ করা হইলে উক্ত কর অনারোপিত আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১০% এ নির্ধারণ করিল, যথাঃ-

(ক) পাবলিক লিমিটেড কোম্পানী ব্যতীত অন্য সকল শ্রেণীর করদাতাগণকে উক্ত ১০% হারে কর প্রদান সাপেক্ষে ১৫ই জুলাই, ২০১২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট নিম্নলিখিত ছকে কর অনারোপিত আয় এর ঘোষণা প্রদান করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন ঘোষিত কর অনারোপিত আয়ের উৎস সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা হইবে না;

(গ) দফা (ক) এর অধীন ঘোষণাপত্রের সাথে ১০% হারে কর পরিশোধের সমর্থনে পে-অর্ডার এর কপি, বিনিয়োগের সমর্থনে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযোজন করিতে হইবে;

(ঘ) বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০/০৬/২০১৩ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না এবং বিনিয়োগকৃত অর্থ বা তাহার অংশ উত্তোলন বা স্থানান্তর করিলে উত্তোলন বা স্থানান্তরের বছরে স্থানান্তরকৃত ঐ অর্থ ঘোষণাকারীর আয় হিসেবে গণ্য হইবে;

(ঙ) এই সুবিধার আওতায় পরিশোধিত করের উৎস ব্যাখ্যায়িত বলিয়া বিবেচিত হইবে; এবং

(চ) ৩০শে জুন, ২০১১ তারিখের মধ্যে কর ফাঁকি উদ্‌ঘাটিত হইলে এবং উক্ত Ordinance এর section 93 অনুযায়ী কার্যক্রম গৃহীত হইলে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না:

## ছক

## কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র

| | | |
|---|---|---|
| (১) করদাতার নাম ও ঠিকানা | : | ......................................<br>...................................... |
| (২) টিআইএন | : | ...................................... |
| (৩) সার্কেলের নাম .......................... | : | কর অঞ্চলের নাম: .................. |
| (৪) বিনিয়োগের পরিমাণ (বিনিয়োগের স্বপক্ষে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযুক্ত করিতে হইবে) | : | (অংকে)..............................<br>(কথায়).............................. |
| (৫) পরিশোধিত আয়কর | : | |
| (ক) পরিমাণ | : | (অংকে)..............................<br>(কথায়).............................. |
| (খ) পে-অর্ডার নং | : | ......................................<br>ব্যাংক: ...............................<br>শাখা: .......... তারিখ: ........... |

তারিখ: করদাতার নাম ও স্বাক্ষর

### প্রাপ্তি স্বীকারপত্র

রেজিস্টারের ক্রমিক নং .......................... তারিখ: .....................

নাম: ..................................................

ঠিকানা: ..............................................

টিআইএন : | | | | | | | | | | | | |

এর নিকট হইতে নির্ধারিত ছকে এস,আর,ও নং................................. আইন/আয়কর/২০১১ তারিখ ....../০৭/২০১২ইং অনুসারে .......................... টাকা কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র ও উহার জন্য .................. টাকা আয়কর পরিশোধ সংক্রান্ত পে-অর্ডার নং .......... তারিখ: .................., ব্যাংকের নাম ও শাখা: ................................. বুঝিয়া পাইলাম।

উপ-কর কমিশনার

সীল

সার্কেল: ........................

কর অঞ্চল: ....................

Bangladesh Tax Update
www.kdney.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ/১১ জানুয়ারী, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২১-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ১লা জুলাই, ২০১১খ্রিঃ হইতে ৩০শে জুন, ২০১২খ্রিঃ পর্যন্ত সময়কালে বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট ক্রয়ে বৈধ উপায়ে অর্জিত কর অনারোপিত আয়, পাবলিক লিমিটেড কোম্পানী ব্যতীত অন্য কোন শ্রেণীর করদাতাগণ কর্তৃক বিনিয়োগ করা হইলে, উক্ত বিনিয়োগকৃত আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১০% এ নির্ধারণ করিল, যথা:-

(ক) উক্ত ১০% হারে কর প্রদানের লক্ষ্যে ১৫ই জুলাই, ২০১২ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট সংযুক্ত ছকে কর অনারোপিত আয় বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন ঘোষিত বিনিয়োগ শুধুমাত্র আয়কর নির্ধারণের জন্য ব্যাখ্যায়িত বলিয়া গণ্য হইবে;

(গ) দফা (ক) এর অধীন ঘোষণাপত্রের সাথে ১০% হারে কর পরিশোধের সমর্থনে পে-অর্ডার এর কপি, বিনিয়োগের সমর্থনে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বি.ও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযোজন করিতে হইবে;

(ঘ) উক্ত বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০-০৬-২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না;

(ঙ) অন্য কোন আইনে বর্ণিত অপরাধ সংঘটনের মাধ্যমে অর্জিত আয়ের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনে বর্ণিত সুবিধা প্রযোজ্য হইবে না; এবং

(চ) ৩০শে জুন, ২০১১ খ্রিঃ তারিখের মধ্যে কাহারো কর ফাঁকি উদ্ঘাটিত হইলে এবং উক্ত Ordinance এর Section 93 অনুযায়ী কার্যক্রম গৃহীত হইলে তাহার ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না:

## ছক

## কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র

| | | |
|---|---|---|
| (১) করদাতার নাম ও ঠিকানা | : | ........................................<br>........................................ |
| (২) টিআইএন | : | ........................................ |
| (৩) সার্কেলের নাম ........................ | : | কর অঞ্চলের নাম: .................. |
| (৪) বিনিয়োগের পরিমাণ (বিনিয়োগের স্বপক্ষে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযুক্ত করিতে হইবে) | : | (অংকে)..............................<br>(কথায়).............................. |
| (৫) পরিশোধিত আয়কর | : | ........................................ |
| (ক) পরিমাণ | : | (অংকে)..............................<br>(কথায়).............................. |
| (খ) পে-অর্ডার নং | : | ........................................<br>ব্যাংক: ................................<br>শাখা: .......... তারিখ: .......... |

তারিখ: করদাতার নাম ও স্বাক্ষর

২। এইরূপ ঘোষণা দাখিল করা হইলে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার নিম্নলিখিত ছক অনুযায়ী ঘোষণা প্রদানকারীকে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন:

## ছক

## প্রাপ্তি স্বীকারপত্র

রেজিস্টারের ক্রমিক নং ......................... তারিখ: ...................

নাম: ....................................................

ঠিকানা: ................................................

টিআইএন : | | | | | | | | | | | | |

এর নিকট হইতে নির্ধারিত ছকে এস,আর,ও নং..................................

আইন/আয়কর/২০১২ তারিখ ....../০১/২০১২ইং অনুসারে ........................ টাকা কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র ও উহার জন্য .................. টাকা আয়কর

পরিশোধ সংক্রান্ত পে-অর্ডার নং .......... তারিখ: ...................., ব্যাংকের নাম ও শাখা:

................................. বুঝিয়া পাইলাম।

উপ-কর কমিশনার

সীল

সার্কেল: .........................

কর অঞ্চল: ....................

৩। ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তরিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১ এতদ্বারা বাতিল করা হইল।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২১৮-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৮ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১১ জানুয়ারী, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১-আইন/আয়কর/২০১২ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) প্রস্তাবনায় উল্লিখিত "৩০শে জুন, ২০১২" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ক) উক্ত ১০% হারে কর প্রদানের লক্ষ্যে ১৫ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট সংযুক্ত ছকে কর অনারোপিত আয় বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যে সকল করদাতা ৩০ জুন, ২০১২ এর মধ্যে উক্ত বিনিয়োগ করিয়াছেন, সে সকল করদাতাকে ১৫ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট উক্ত ঘোষণা প্রদান করিতে হইবে;";

(গ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঘ) উক্ত বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০১২ এর মধ্যে বিনিয়োগকৃত অর্থ ৩০ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের পরবর্তী যে কোন সময়ে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে;"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**সৈয়দ মোঃ আমিনুল করিম**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)